



ইসলামিকফাউন্ডেশন

প্রতিষ্ঠাতা: জাতিরপিতাবঙ্গবন্ধুশেখমুজিবুররহমান
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা ১২০৭



॥প্রেসবিজ্ঞপ্তি॥

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০

কোন চাপের কাছে মাথানত না করার শিক্ষা দেয় একুশ

- ধর্ম সচিব মোঃ নূরুল ইসলাম

ঢাকা, শুক্রবার, ২১ ফেব্রুয়ারি ২০২০ ॥

ধর্ম সচিব মোঃ নূরুল ইসলাম বলেছেন, কোন চাপের কাছে মাথানত না করার শিক্ষা দেয় একুশ। মায়ের ও পর যেমন সন্তানের অধিকার তেমনি মাতৃভাষায় কথাবলা ও মানুষের অধিকার। যারা আমাদের মাতৃভাষা কেড়ে নিতে চেয়েছিল, আজ উন্নয়নের সকল সূচকে তারা আমাদের থেকে পিছিয়ে রয়েছে। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আজ (২১ ফেব্রুয়ারি) শুক্রবার সকালে বায়তুল মুকাররম জাতীয় মসজিদের দক্ষিণ সাহানে আয়োজিত ‘মাতৃভাষার গুরুত্ব ও তাৎপর্য’ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

তিনি আরো বলেন, বাংলাদেশ উন্নয়নে বিশ্বে রোল মডেল। মহাকাশে আমরা স্যাটেলাইট পাঠিয়েছি। নিজ স্ব অর্থায়নে পদ্মা সেতু করছি। জিজি বাদ দমনে সফল হয়েছে। দেশকে এগিয়ে নেয়ার জন্য মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা নিরসল ভাবে কাজে করে যাচ্ছেন।

সভাপতির বক্তব্যে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আনিস মাহমুদ বলেন, জাতির পিতাবঙ্গবন্ধু ইসলাম প্রচার প্রসারের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। আমরা যদি সমাজ থেকে ধর্মান্ধতা ও সাম্প্রদায়িকতা দূর করতে পারি তাহলে বঙ্গবন্ধুর উদ্যোগ সার্থক হবে।

সভায় অন্যান্যের মধ্যে ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নূরুল ইসলাম এবং মসজিদ ও মার্কেট বিভাগের পরিচালক মুহাম্মদ মহী উদ্দিন মজুমদার বক্তৃতা করেন। দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক আনিছুর রহমান সরকার অনুষ্ঠান সঞ্চালনা করেন।

এর আগে ভাষা শহীদদের রুহের মাগফিরাত কামনা করে সকাল ৭টায় আজিমপুর কবরস্থানে এবং সকাল ১১টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদের কুরআনখানি, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান।

মুনাজাতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহীদদের রুহের মাগফিরাত কামনা করা হয়। ভাষা শহীদদের রুহের মাগফিরাত কামনা করা হয়। মহান মুক্তিযুদ্ধে শহীদদের রুহের মাগফিরাত কামনা করা হয়। মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়। বাংলাদেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নতির জন্য মহান আল্লাহর নিকট প্রার্থনা করা হয়।

এর আগে সকালে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আনিস মাহমুদের নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এছাড়া জুমার নামাজের পর বায়তুল মুকাররম জাতীয় মসজিদে ভাষা শহীদদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়। মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম মাওলানা এহসানুল হক। ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আনিস মাহমুদ ও পরিচালকগণ সহ সর্বস্তরের ধর্মপ্রাণ মুসল্লী এতে অংশ নেন।

(মুহাম্মদনিজামউদ্দিন)

সহকারী পরিচালক,

জনসংযোগ ইসলামিক ফাউন্ডেশন

মোবাইলফোন ০১৭২০০৪০৪৩২